
যায়যায়দিন

08 MAR 2008
৪০ ২

# কুমিল্লা ইউনিভার্সিটি নিয়ে ষড়যন্ত্র

কুমিল্লা ইউনিভার্সিটি সংবাদদাতা

কুমিল্লা ইউনিভার্সিটি নিয়ে শুরু হয়েছে ষড়যন্ত্র। একটি স্বার্থান্বেষী মহল নতুন এ ইউনিভার্সিটির ভাবমূর্তি নষ্ট করতে গভীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। ইউনিভার্সিটির অনিয়ম ও দুর্নীতির ভুয়া অভিযোগ তুলে মহলটি ফায়দা হাসিলের অপচেষ্টায় ব্যস্ত। ২০০৭ সালের ২৮ মে কুমিল্লা ইউনিভার্সিটির প্রথম ব্যাচের পরিচিতি ক্লাসের মধ্য দিয়ে ইউনিভার্সিটির যাত্রা শুরু হয়। কুমিল্লাবাসীর দীর্ঘ ৫০ বছরের লালন করা স্বপ্নের ইউনিভার্সিটির যাত্রা শুরুর এক বছর না যেতেই কিছু স্বার্থান্বেষী এ ইউনিভার্সিটিকে ঘিরে ষড়যন্ত্র শুরু করেছে। কুমিল্লা ইউনিভার্সিটিতে দ্বিতীয় ব্যাচের ভর্তি পরীক্ষার রেজাল্টও সোমবার ঘোষণা করা হয়েছে। দুটি ব্যাচের ৬০০ ছাত্রছাত্রীর পদভারে ইউনিভার্সিটি ক্যাম্পাস এখন মুখর হয়ে উঠবে। প্রশাসনিক ও একাডেমিক চারটি ভবন লালমাই পাহাড়ে এখন আপন অস্তিত্ব সগৌরবে জানান দিচ্ছে। ইউনিভার্সিটির ছাত্রছাত্রীদের জন্য নির্মিত হচ্ছে দুটি পৃথক আবাসিক হস্টেল। এছাড়া শিক্ষক-কর্মচারীদের জন্য স্টাফ কোয়ার্টার নির্মাণ কাজও হাতে নেয়া হচ্ছে। একটি পরিপূর্ণ অবয়ব নিয়ে কুমিল্লা ইউনিভার্সিটি যখন গর্বের সঙ্গে মাথা উঁচু করে দাড়াতে শুরু করেছে তখনই মহল বিশেষ এ ইউনিভার্সিটির বিরুদ্ধে শুরু করেছে মিথ্যা প্রপাগান্ডা। কুমিল্লা ইউনিভার্সিটির বিরুদ্ধে ষড়যন্ত্রের তীব্র নিন্দা জানিয়েছেন কুমিল্লা ইস্টার্ন মেডিকাল কলেজের চেয়ারম্যান শাহ মোঃ সেলিম, ন্যাপ নেতা মোহাম্মদ আলি ফারুক, হিন্দু বৌদ্ধ খ্রিশ্চিয়ান কল্যাণ ফ্রন্টের সভাপতি সঞ্জিত রায় চৌধুরী, ব্যবসায়ী নাসিরউদ্দিন আহমেদ প্রমুখ।



কুমিল্লা ইউনিভার্সিটির মূল গেট -যাযাদি

এ ব্যাপারে কুমিল্লা ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. গোলাম মাওলা বলেন, আমি নতুন ধ্যান-ধারণায় আগামী শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় কুমিল্লা ইউনিভার্সিটিকে একটি আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে রূপ দেয়ার জন্য নিরন্তর চেষ্টা করছি।

এ ইউনিভার্সিটি ক্যাম্পাস সম্পূর্ণরূপে ধূমপান ও রাজনীতিমুক্ত। এ ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য আমরা সচেতনভাবে শিক্ষা দেই। এখানে তাই দুর্নীতির অবাস্তব অভিযোগ আমাদের উজ্জ্বল ভাবমূর্তিকে হয়তো কিছুটা ম্লান করবে কিন্তু আমাদের অগ্রযাত্রায় বাধা হয়ে দাড়াতে পারবে না। আমরা সম্মিলিতভাবে কুমিল্লাবাসীর দীর্ঘদিনের স্বপ্নের ফসল অবশ্যই সুরক্ষা করবো।